

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

বিষয়: “সাতক্ষীরা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর এবং ভোমরা এলসি স্টেশন নির্মাণ শীর্ষক” প্রকল্পের
Project Steering Committee (PSC) সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	২২-০৬-২০২৩
সভার সময়	১১.০০
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত করা হলো:

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। এডিপিভুক্ত প্রকল্পটির উপর বিস্তারিত আলোচনায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা, বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক-কে অনুরোধ করা হয়:

০২। প্রকল্প পরিচালক নিম্নোক্তভাবে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন: সাতক্ষীরা কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর অংশের ভৌত কাজের অগ্রগতি প্রায় ৯০% সম্পন্ন হয়েছে। ভোমরা এলসি স্টেশনের ভৌত কাজের অগ্রগতি প্রায় ৮৮% সম্পন্ন হয়েছে। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর এবং সাতক্ষীরা ও ভোমরা এলসি স্টেশন নির্মাণ প্রকল্পটি ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের অনুকূলে ১ম কিস্তি হতে ৪র্থ কিস্তি বাবদ ৪১.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

অংকসমূহ কোটি টাকায়

ক্রঃনং	অর্থবছর	মূল বরাদ্দ	সংশোধিত বরাদ্দ	বরাদ্দকৃত মোট জিওবি অর্থ ছাড়/ব্যয়ের জন্য	ব্যয়ের অগ্রগতি	অগ্রগতির হার (%)
১	২০১৮-২০১৯	--	--	--	--	--
২	২০১৯-২০২০	২৩.০০	--	--	--	--
৩	২০২০-২০২১	৩৩.০০	১৪.৮৫	৪.৩১	৩.০০	২০.২০%
৪	২০২১-২০২২	--	--	--	--	--
৫	২০২২-২০২৩		৪৪.২৫	৪১.০০	২০.৫০ (মে/২৩ পর্যন্ত)	৪৬.৩৩%

প্রকল্প পরিচালক আরো জানান যে, উক্ত প্রকল্পের কাজ শেষে ৬,৪৩,৬৬,৩৯০/- টাকা ফেরত প্রদান করা হবে এবং সেপ্টেম্বর-২০২৩ এর মধ্যে প্রকল্পের চূড়ান্ত রিপোর্ট প্রদান করা হবে মর্মে সভাকে অবহিত করেন। উক্ত প্রকল্পের বিল্ডিং এ লিফট সংযোগের বরাদ্দ প্রদানের জন্য সভা অবহিত করেন।

এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সভাকে জানান যে, উক্ত প্রকল্পের বিল্ডিং এর ডিজাইনে এ লিফট সংযোগের স্থান রাখা হয়েছে কি না। যদি লিফট সংযোগের স্থান রাখা হয়ে থাকে তাহলে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রকল্প পরিচালক আরো জানান যে, উক্ত প্রকল্পের বিল্ডিং এর ডিজাইনে এ লিফট সংযোগের স্থান রাখা হয়েছে। এ বিভাগের যুগ্মসচিব পরিকল্পনা সভাকে জানান যে, উক্ত প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে ৪১.০০ (একচল্লিশ) কোটি টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। প্রকল্পটি ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত হবে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী সংস্থা
প্রকল্পের কাজ যথা সময়ে নিষ্পত্তিপূর্বক ভবন হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৯.০৬.০০১.২০.১৫৬

তারিখ: ২০ আষাঢ় ১৪৩০
০৪ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ২) সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
- ৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৬) প্রকল্প পরিচালক, “সাতক্ষীরা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর এবং ভোমরা এলসি স্টেশন নির্মাণ শীর্ষক” প্রকল্প।
- ৭) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
- ৮) যুগ্মসচিব, পরিকল্পনা শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ



কানাই লাল শীল
সিনিয়র সহকারী সচিব